সংবাদ

তারিখ ........ 2011 ....
পৃষ্ঠা ১০ কলাম ১

# কাঁঠালিয়ায় শ্রেণীকক্ষে উত্ত্যক্ত ছাত্র আজীবন বহিষ্কার

প্রতিনিধি, কাঁঠালিয়া (ঝালকাঠি)

ঝালকাঠির কাঠালিয়ায় তারাবুনিয়া মাধ্যমিক বিদ্যালয়ে ইভটিজিংয়ের অভিযোগে ইমরান সরদার নামে ১০ম শ্রেণীর এক ছাত্রকে আজীবন বহিষ্কার করা হয়েছে। গত সোমবার উপজেলা নির্বাহী অফিসার শরীফ মুহাম্মদ ফয়েজুল আলমের নির্দেশক্রমে গত মঙ্গলবার সকাল ১০টায় অভিযুক্ত ছাত্রকে এ বহিষ্কারাদেশ প্রদান করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. সহিদুল আলম। বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনান, ১৯ মার্চ স্কুল চলাকালীন সময়ে জনসম্মুখে ৯ম শ্রেণীর এক ছাত্রীকে জড়িয়ে ধরে টানা হেঁচড়া করে ইমরান। এ অভিযোগের প্রেক্ষিতে এ বহিষ্কারাদেশ দেয়া হয়েছে। একই সাথে ছাত্রীর পিতা তোফাজ্জেল খানকে ইমরানের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করার জন্যও বলা হয়েছে। ইমরানের বহিষ্কারের আদেশে অভিভাবক ও শিক্ষার্থীরা সন্তোষ প্রকাশ করেছে। জানাগেছে, ইমরান সরদার উপজেলার দন্তেরপশুরীবুনিয়া গ্রামের তোতা মিয়া সরদারের পুত্র।